307

দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 18 1999
পৃষ্ঠা ৯ কলাম ৩

## শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ

এবারের এসএসসি পরীক্ষায় আমার মেয়ে মোনাশ্বেতা মারিয়া রহমান অগ্রণী স্কুল হতে বিজ্ঞান বিভাগে ছ'টি লেটারসহ স্টার মার্ক পেয়ে ৮৪২ নম্বরসহ প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছে। স্কুলে থাকাকালীন সে নবম ও দশম শ্রেণীর পাঠ্যসূচী অনুযায়ী ঐচ্ছিক বিষয় হিসেবে উচ্চতর গণিতের স্থলে কম্পিউটার সাইন্স নিয়েছিল। বর্তমানে বিভিন্ন কলেজে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হলে বিজ্ঞান বিভাগে পদার্থ বিদ্যা, জীববিদ্যা, রসায়ন এবং সাধারণ গণিত ও উচ্চতর গণিত-এ পরীক্ষা দিতে হবে। ভাল কলেজে যেমন- "হলিক্রসে, নটরডেম" কলেজে খোঁজ নিয়ে জানতে পেলাম উক্ত বিষয় ভর্তি পরীক্ষা দিতে হবে। কিন্তু প্রশ্ন হচ্ছে যারা স্কুলে শিক্ষা বোর্ডের নিয়ম অনুসারে ঐচ্ছিক বিষয় হিসেবে উচ্চতর গণিত-এর স্থলে কম্পিউটার বিজ্ঞান নিয়েছে, কিভাবে তারা উক্ত কলেজে ভর্তি পরীক্ষায় অংশ নিবে। আর নিলেও উচ্চতর গণিত-এ জানা না থাকলে কিভাবে উক্ত বিষয়ের প্রশ্নের উত্তর দিবে। এখানে কি উচ্চতর গণিত বা কম্পিউটার বিজ্ঞান করা উচিত নয়। সুতরাং শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট কলেজের কর্তৃপক্ষের কাছে এ সমস্যার আশু সমাধান চাচ্ছি এবং দৃষ্টি আকর্ষণ করছি। অন্যথায় ভাল ছাত্র-ছাত্রীরা ভাল কলেজে পড়ার সুযোগ হারাবে।

—ডাঃ মুজিবুর রহমান মামুন
শিশু বিশেষজ্ঞ ও কনসালটেন্ট,
নিবেদিতা শিশু হাসপাতাল লিঃ, ১১/১,
হেয়ার স্ট্রীট, ওয়ারী, ঢাকা।